

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd



গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.২৭.০০১.১৭.৩৭

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭

১৯ মে ২০২০

বিষয়: ঘূর্ণিঝড় আম্পানের কারণে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন উপকূলীয় এলাকার মাদ্রাসাসমূহ
খোলা রাখা প্রসঙ্গে।

সূত্র: টিএমইডির স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০.৩৫৭ তারিখ: ১৮.০৫.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ তথ্য মতে ঘূর্ণিঝড় আম্পান ১৯মে, ২০২০ তারিখ দিবাগত রাত বাংলাদেশের উপকূলে আঘাত হানতে পারে। এ পরিস্থিতিতে উপকূলবর্তী জেলার বাসিন্দাদের আশ্রয়ের জন্য উপকূলীয় এলাকায় অবস্থিত মাদ্রাসাসমূহ আশ্রয়ন কেন্দ্র হিসেবে ব্যবহার করার উদ্দেশ্যে মাদ্রাসাসমূহ সার্বক্ষণিক খোলা রাখার জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২. উক্ত নির্দেশনার আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন উপকূলীয় এলাকার মাদ্রাসাসমূহের মধ্যে যেগুলিতে পাকাভবন রয়েছে সে সব প্রতিষ্ঠান সাইক্লোন শেল্টার হিসেবে সার্বক্ষণিক খোলা রেখে জনগণের আশ্রয়নের ব্যবস্থা নিশ্চিত করবে।

০৩.এ সব এলাকার মাদ্রাসা প্রধানগণ চাবীসহ সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকবেন এবং উক্ত বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন।

০৪. উল্লিখিত বিষয়ে প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদানসহ সার্বক্ষণিক মনিটরিংয়ের জন্য জরুরী প্রয়োজনে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কন্ট্রোল রুমের দায়িত্বপ্রাপ্ত নিম্নবর্ণিত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক. জনাব মোঃ জিয়াউল আহসান, পরিচালক (প্রশাসন ও অর্থ), মোবাইল নং-০১৭১১৯৪৪৭২৫

খ. জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন), মোবাইল নং-০১৭১৮০১৯৪৯০

গ. জনাব মোঃ আবদুল মুকীত, সহকারী পরিচালক (অর্থ), মোবাইল নং-০১৯১১৯১৬৮৭৭

০৫. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পরিদর্শকগণ তাঁদের বিভাগের ঘূর্ণিঝড় আম্পানের তথ্যাদি প্রতিনিয়ত এ দপ্তরের কন্ট্রোল রুম প্রদান করবেন।

১৯-৫-২০২০

সফিউদ্দিন আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অধ্যক্ষ/সপার..... মাদ্রাসা,

উপজেলা.....জেলা.....

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.২৭.০০১.১৭.৩৭/১(৬)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭

১৯ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) জেলা প্রশাসক, সকল জেলা

৩) পরিদর্শক (সকল বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা

৫) জেলা শিক্ষা অফিসার, সকল জেলা

৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা



১৯-৫-২০২০

মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক(প্রশাসন)